মেহেরপুরে দুই ঘন্টার ব্যবধানে আবারো সড়ক দুর্ঘটনায় ২ জন আহত

দুই ঘণ্টার ব্যবধানে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের একটি সড়ক দুর্ঘটনায় সোহেল ও শোভন নামের দুই ব্যক্তি মারাত্মক আহত হয়েছে।

আহত সোহেল মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামের আজমত আলী ছেলে এবং শোভন চুয়াডাঙ্গার খাদিমপুর গ্রামের হাবলু বিশ্বাসের ছেলে।

রবিবার রাত সাড়ে ৮ টার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের চাঁদবিল নামক স্থানে এ ঘটনা ঘটে।
জানোগছে, চাঁদবিল গ্রামের সোহেল সাইকেল বাড়ি ফিরছিল একই সময়ে শোভন মোটরসাইকেল নিয়ে মেহেরপুর থেকে চুয়াডাঙ্গা যাবার পথে সাইকেল আরোহীর সোহেলকে ধাক্কা মারে। এতে দুজনের হতে হয়। আহত দুজনকে মেহেরপুর জেনারেল হাসপাতাল ভর্তি করার পর সোহেলকে রাজশাহী এবং শোভন কে চুয়াডাঙ্গা রেফার্ড করা হয়েছে। আহত সোহেলের অবস্থা আশঙ্কাজনক বলে কর্তব্যরত চিকিৎসক জানান।

মাত্র ২ ঘণ্টা আগে একই সড়কের আহমেদ আলী টেকিনিক্যাল কলেজের কাছে অপর এক সড়ক দুর্ঘটনায় মেহেরপুর পৌরসভার ৮ নং ওয়ার্ডের সাবেক কাউন্সিল তহিদুল ইসলাম বাবলুর ছেলে সাগর নিহত এবং কাউন্সিল তহিদুল ইসলাম বাবলুসহ আহত হয়েছে ৩ জন।

এছাড়াও আজ সাড়ে ১১ টার দিকে মেহেরপুরের বামন পাড়ার মোড়ে মোটরসাইকেল ও ভ্যান মুখোমুখি মুখোমুখি সংঘর্ষে দুই জন আহত হয়েছে।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় ডিপ্লোমা প্রকৌশলীর মৃত্যু,

বাবাসহ ৩ জন আহত

মেহেরপুর চুয়াডাঙ্গা সড়কের আহমেদ আলী টেকনিক্যাল কলেজ সংলগ্ন স্থানে সড়ক দুর্ঘটনায় সালাউদ্দিন সাগর নামের এক ডিপ্লোমা প্রকৌশলীর মৃত্যু হয়েছে।

রবিবার সন্ধ্যার দিকে এ দুর্ঘটনার ঘটনা ঘটে।

একই ঘটনায় নিহতের পিতা মেহেরপুর পৌর সভার ৮ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর তৌহিদুল ইসলাম বাবলু সহ আরো ৩ জন গুরতর আহত হয়েছেন।

বাকি আহতরা হলো সদর উপজেলার গোভিপুর গ্রামের ভনার ছেলে হাসান ও নজরুলের ছেলে সুমন। আহতদের মধ্যে বাবুল ও সুমনের অবস্থা আশংকা জনক রয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ঘটনার সময় তৌহিদুল ইসলাম বাবলু তার ছেলে সাগরকে নিয়ে মোটরসাইকেল যোগে নিজ ক্ষেত থেকে বাড়ি ফিরছিলেন। এসময় ক্ষেত থেকে প্রধান সড়কে উঠার সময় পেছন দিক থেকে দ্রুতগামী একটি মোটরসাইকেল ধাক্কা দেয়। এতে দুই মোটরসাইকেল চারজন আহত হয়।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় সাবেক কাউন্সিলর তৌহিদুল ইসলাম বাবলুর ছেলে ডিপ্লোমা প্রকৌশলী সালাহউদ্দিন সাগরের মৃত্যু হয়।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান ঘটনার সত্যাতা স্বীকার করেছেন।

মেপ্র/ইএম

জীবননগরে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ ।

জীবননগরে অসহায় শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

গতকাল রোববার সন্ধার সময় মনোহরপুর ইউনিয়ণ লোকমোর্চা কমিউনিটি গ্রুপের উদ্যেগে ১.২ ও ৩নং ওয়ার্ডের শীতার্তদের মাঝে এ কম্বল বিতারণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন লোকমোর্চার ওর্য়াড সভাপতি নিজামুল হক,সাধারন সম্পাদক রিতা রানী বিশ্বাস,২নং ওর্য়াড আওয়ামীলীগের সভাপতি শহিদুল ইসলাম,খাদিমুল ইসলাম,জিল্লুর রহমান,বৃষ্ঠি খাতুন ,মিম,উষা,লোকমোর্চার সমন্বকারী আব্দুল আলীম সজল,মাহমুদুর রহমান আকাশসহ সকল সদস্যগন উপস্থিত ছিলেন ।

জীবননগরে বর্ণাঢ্য আয়োজনে জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালিত ।

জীবননগরে বর্ণাঢ্য আয়োজনে জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালিত হয়েছে।

গতকাল রবিবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে জাতীয় খাদ্য নিরাপদ দিবস উপলক্ষে উপজেলা চক্তর থেকে একটি র্যালীবের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন শেষে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা ,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,উপজেলা সমাজ সেবা

অফিসার মতেহার হোসেন,উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা আঃ খালেক,কাওসার হোসেন প্রমুখ|

একই দিনে উপজেলার সীমান্ত ইউনিয়নের বেনীপুর গ্রামে ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে ইউপি সদস্য আসাদের সভাপতিত্বে জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালিত হয়।অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজ সেবা অফিসার মাসুদুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সাংবাদিক মিঠুন মাহমুদ,ওয়াড আওয়ামীলীগের সভাপতি আলী আহম্মদ,সাধারন সম্পাদক ওহাব,ওয়েভ ফাউন্ডেশনের সমন্বকারী আশরাফুল ইসলাম প্রমুখ ।উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন লিটন মিয়া।

কুষ্টিয়ায় জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালন

সবাই মিলে হাত মেলাই, নিরাপদ খাদ্য নিশ্চিত চাই’ এই প্রতিপাদ্য নিয়ে কুষ্টিয়ায় জাতীয় নিরাপদ খাদ্য দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র্যালি বের হয়। র্যালিটি শহরের বিভিন্ন চত্বর প্রদক্ষিন শেষে জেলা প্রশাসকের সভা কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় অংশ নেন জেলা প্রশাসক মো: আসলাম হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক আজাদ জাহান, ভারপ্রাপ্ত সিভিল সার্জন ডা: আকুল উদ্দিন, জেলা চালক মালিক সমিতির সাধারন সম্পাদক জয়নাল আবেদীন প্রধান প্রমুখ।

বক্তারা বলেন, মানুষ যত বেশি সচেতন হবে, তত বেশি নিরাপদ খাদ্য পাওয়া যাবে। মানুষ সচেতন হলে ব্যবসায়ীরা নিরাপদ খাদ্য দিতে বাধ্য হবেন। আমরা এটাই চাই। মানুষ সচেতন হচ্ছে। আরও সচেতন হওয়া প্রয়োজন। সচেতনতা যত বাড়বে তত বেশি নিরাপদ খাদ্য পাওয়া যাবে।

এসময় খাদ্য কর্মকতা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী, ব্যবসায়ী ও সুশীল সমাজের ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনে প্রস্তুতি সভা

ছয়দিন ব্যাপি বইমেলাসহ এবার মেহেরপুরের শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনে ব্যাপক কর্মসূচি নেয়া হয়েছে।

রবিবার বলা ১১টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় এসব সিদ্ধান্ত নেয়া হয়।

জেলা প্রশাসক মো. আতাউল গনির সভাপতিত্বে অন্যান্যর মধ্যে বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত পুলিশ সুপার জাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তৌফিকুর রহমান, জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর পৌরসভার প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, জেলা আ’লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম, পিরোজপুর ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু প্রমুখ।

প্রস্তুতিসভায় ড. শহীদ সামসুজ্জোহা পার্কে ১৬-২১ ফেব্রুয়ারি পর্যন্ত বই মেলা, ভাষা সংগ্রামীদের সংবর্ধণা, আলোচনাসভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও র্যালীসহ একুশের প্রথম প্রহরে শহীদ ড. সামসুজ্জোহা পার্কে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, সুর্যোদয়ের সাথে সাথে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসহ সকল প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন, প্রভাতফেরি, চিত্রাংকন, বিভিন্ন

ধর্মীয় প্রতিষ্ঠানে প্রার্থনার আয়োজন করা হবে । সভায় সরকারি বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

মেপ্র/ইএম

মেহেরপুরে সড়ক দুর্ঘনায় দুই জন আহত

মেহেরপুর সদর উপজেলার বামনপাড়ায় মোটরসাইকেল ও পাখি ভ্যানের সংঘর্ষে দুইজন আহত হয়েছে।

রবিবারে মেহেরপুর সদরের মজিবনগর রোড বামনপাড়া মোড়ে এই দুর্ঘটনা ঘটে। আহতরা হলো -মেহেরপুর সদরের বামন পাড়া গ্রামের তারিকুজ্জামান এর ছেলে রাফি(১৬) এবং একই গ্রামের খবির উদ্দিনের ছেলে মোহাম্মদ জাহিদ হোসেন(৩৭)।

স্থানীয়রা জানান, একজন মোটরসাইকেলযোগে বাসায় আসছিল ও অন্যজন মাছ বিক্রি শেষে পাখি ভ্যান নিয়ে বাজার থেকে বাড়ি ফিরছিল । এসময় একটি যাত্রীবাহি বাসকে সাইড দিতে গিয়ে দুজনের সামনাসামনি সংঘর্ষ সৃষ্টি হয়। এতে দুইজন গুরুতর আহত হয়। তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহতদের জাহিদের একটি পা ভেঙ্গে গিয়েছে ও বিভিন্ন স্থানে কেটে গেছে এবং রাফির একটি হাত ভেঙ্গে গিয়েছে ও পায়ের অনেক স্থানে কেটে গেছে । তারা দুজনই এখন মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

মেপ্র/ইএম

মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের মাঝে স্যানেটারী ন্যাপকিন বিতরণ

কিশোরীদের স্বাস্থ সুরক্ষায় স্যানেটারী টেওয়েল প্রস্তুতকরন কর্মসূচীর আওতায় মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের ২০০ জন গরীব ছাত্রীদের মাঝে স্যানেটারী ন্যাপকিন বিতরণ করা হয়েছে।

রবিবার সকাল সাড়ে দশটার দিকে জেলা প্রশাসক ও মহিলা বিষয়ক অধিদপ্তর মেহেরপুর জেলার উপপরিচালকের কার্যলয়ের আয়োজনে এ সকল স্যানেটারী ন্যাপকিন বিতরণ করা হয়।

উক্ত বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি। মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যলয়ের সহযোগীতায় উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম।

এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম,উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, সহকারী প্রধান শিক্ষক আলিফ হোসেন,নারী উদ্যেক্তা সাফিয়া শারমিন প্রমুখ।

চুয়াডাঙ্গার দামুড়হুদায় এক স্কুলছাত্রীকে ধর্ষণ শেষে হত্যা

চুয়াডাঙ্গার দামুড়হুদায় সাত বছর বয়সী এক স্কুলছাত্রীকে ধর্ষণ শেষে হত্যা করা হয়েছে। শনিবার রাত ১১টার দিকে এ ঘটনা ঘটে। রাতেই পুলিশ লাশ উদ্ধার করে দামুড়হুদা থানায় এনেছে।

স্কুলছাত্রীর নাম সুমাইয়া খাতুন। সে দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর গ্রামের দরিদ্র নাসির উদ্দিনের মেয়ে এবং ছয়ঘরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২য় শ্রেণির ছাত্রী ছিল। এ ঘটনায় পুলিশ রবিবার সকালে দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর গ্রামের নুরুল ইসলামের ছেলে মোমিনুল হোসেন (২০) কে আটক করেছে।

দামুড়হুদা থানার অফিসার ইনচার্জ (ওসি) সুকুমার বিশ্বাস পরিবারের উদ্ধৃতি দিয়ে জানান, শনিবার দুপুরে সুমাইয়া স্কুল থেকে বাড়ি ফিরে আসে। এরপর সে খেলার জন্য বাড়ির বাইরে যায়।

বিকেলে তার কোনো খোঁজ না পেয়ে মাইকিং করে তাকে খোজা হয়। তারপরও অনেক খোজাখুজির পর রাত সাড়ে ১১টার দিকে পারকৃষ্ণপুর ইউনিয়ন পরিষদ মাঠের একটি শিমবাগান থেকে সুমাইয়ার বিবস্ত্র লাশ উদ্ধার দেখতে পায় এলাকার লোকজন। রাতেই খবর পেয়ে লাশ উদ্ধার করে পুলিশ।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম জানান, মোমিনুল আগে থেকেই সোমাইয়াকে উত্যক্ত করতো। সোমাইয়ার মা পলি খাতুন কিছুদিন আগে মোমিনুলকে বকাঝকা করেন। ধারণা করা হচ্ছে সেই রাগে মোমিনুল সোমাইয়াকে ধর্ষণ ও হত্যা করে।

ঝিনাইদহে জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালিত

‘জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসনের আয়োজনে রোববার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে সদর উপজেলা পরিষদ চত্বরে গিয়ে শেষ হয়।

পরে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান এর সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রবিউল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর) তারেক আল মেহেদি, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, জেলা ভারপ্রাপ্ত খাদ্য নিয়ন্ত্রক শেখ আনোয়রুল ইসলাম, জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রকিবুল ইসলাম।

বক্তারা, স্বাস্থ্য সুরক্ষায় খোলা স্থানে খাবার বিক্রি বন্ধ ও খাদ্যে ভেজাল রোধে সকলকে সচেতন হওয়ার আহ্বান জানান।